

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬২

জিরানীয়া, ১৯ জুন, ২০২৪

জিরানীয়া মহকুমায় সামাজিক ভাতা পাচ্ছেন ৪,৫৬৩ জন

জিরানীয়া মহকুমায় কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক ভাতা প্রকল্পে ৪,৫৬৩ জন ভাতা পাচ্ছেন। এরমধ্যে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পে ভাতা পাচ্ছেন ২,২৪০ জন ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পে ভাতা পাচ্ছেন ২,৩২৩ জন। রাজ্য সরকারের সামাজিক ভাতা প্রকল্পগুলির মধ্যে ৪৫৩ জন বয়স্ক ভাতা, ৫৬১ জন কন্যা সন্তান ভাতা, ৮৫৩ জন বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা পাচ্ছেন। জিরানীয়া নিবিড় শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়।
